নর্তককে তার আমত্যবর্গ সহ জনসাধারণের কাছে তার শোষণ–তোষণ মূলক কর্মকান্ডের জন্য জবাবদিহি করতে হয়না। দুই, সেই উল্লাস–নৃত্য উৎসারিত অর্থনৈতিক অচলায়তনের পরিপার্শ্বে যে ক্ষুদ্র ও মাঝারি ব্যক্তি উদ্যোগ সক্রিয় থাকে, শহরতলীতে, গ্রামে গঞ্জে, ফসলের মাঠের সীমানায় যারা পণ্য ও সেবা সামগ্রীর উৎপাদনে উদ্ভাবনী শক্তি দিয়ে কর্মরত, যারা ইতিবাচক পরিবর্তনের এজেন্ট হিসাবে কাজ করতে সক্ষম, তাদের আদান–প্রদান ব্যয় বেড়ে যায়, ঘুষ আর উপরির তান্ডবে প্রকৃত উৎপাদন ও সৃজনকারীর উদ্বৃত্ত অধিকতর বিনিয়োগের প্রয়োজনের তুলনার মাত্রায় অতি স্বল্প ও ফলতঃ তাৎপর্য বিহীন হয়ে দাড়ায়।

১২। উৎপাদন ও সৃজনশীলতার ক্ষেত্রে আইনের শাসনের এই তাৎপর্য অধিকতর উৎপাদনে রূপান্তরকরণের নানা দিকের চিন্তায় যারা নির্দিষ্ট সমাধানের অনুপস্থিতিতে ক্লিষ্ট তারা এখানে হয়তবা বলতে পারেন আইন নির্বিশেষে আইনের শাসন কি সকল ক্ষেত্রে সকল সময়ে ঈপ্সিতভাবে ফলদায়ক? এই প্রশ্নের অন্তরালে তারা বলতে চান যে, যদি আইন এবং তার আওতায় শাসন প্রতিক্রিয়াশীল হয় প্রতিষ্ঠানিকভাবে উৎপাদনে স্বপ্রনোদন ব্যহত করে, ব্যক্তির স্বাধীনতা ও উদ্যমকে সম্প্রসারিত না করে দমিত করে, তা'হলে আর্থ–সামাজিক উন্নয়ন ত্বরান্বিত করার জন্য সমকালে আমরা কি আইনের শাসন চাইব? এই প্রশ্নের বিপরীতে আমি বলতে চাই যে, আইন গণতান্ত্রিক ব্যবস্থায় সমাজের যুগ মানসের প্রতিফলক হিসাবে তার আওতায় সকল অর্থনৈতিক ও সামাজিক কর্মকান্ডে ব্যক্তি ও সমষ্টিগত অংশ গ্রহণ বা প্রচেষ্টার ফলশ্রুতির প্রাকভাস দিয়ে থাকে, তার ফিরতির যথার্থতা সম্পর্কে ঈপ্সিত দৃশ্যমানতা সংরক্ষণ ও সম্প্রসারণ করে। মূলতঃ আইন এই প্রেক্ষিতে বলতে চায় যে, যিনি ভাল কাজ করবেন, পরিশ্রম করবেন, সৃজনশীল অবদান রাখবেন তিনি সমাজের স্বীকৃতি পাবেন, পুরস্কৃত হবেন এবং যথাযোগ্য আর্থিক ফিরতির নিশ্চয়তা লাভ করবেন। আর যিনি কাজ করবেন না, কিংবা দুষ্কর্ম করবেন কিংবা অন্যের কাজে বিঘ্ন সৃষ্টি করবেন তিনি তিরস্কৃত হবেন বা সমাজ থেকে ক্ষেত্র ও সময় বিশেষে বহিঃস্কৃত থাকবেন। এই দুই দিক দিয়ে যাতে সমাজ সমষ্টিগতভাবে আইনের শাসনের আওতায় ব্যক্তি উদ্যমকে উৎসাহিত বা সঠিক খাতে প্রবাহিত করণের লক্ষ্যে পদক্ষেপ নিতে পারে সে জন্য ব্যক্তি উদ্যমের কর্মকান্ডে সামাজিক দায়িত্বশীলতার প্রতিফলনীয় দৃশ্যমানতা অর্জন প্রয়োজন হয়। এই দুই দিকে আইনের এই মূল নির্যাস উৎসারিত সংশ্লিষ্ট বিস্তারিত বিধানাবলীতে সময় বিশেষে যুগ–মানসের প্রতিফলন নাও থাকতে পারে। আইনের প্রণয়ন যুগ–মানসের পরিবর্তনকে অনুসরণ করে এবং এই প্রেক্ষিতে প্রচলিত আইন ও যুগ–মানসের ফারাক থাকা অপ্রত্যাশিত নয়। তথাপিও যেহেতু আইনের শাসন মূলতঃ এক্ষেত্রে প্রাকভাস প্রদান করে ব্যক্তিগত উদ্যম থেকে লাভ ও লোভের নিপুন শক্তিতে সৃজনশীলতা উৎসারিত করে এবং যেহেতু ক্ষেত্র ও সময় বিশেষে ব্যক্তি–উদ্যম ও গণ উদ্যমের লক্ষ্য সমূহের পরিধি ও সীমানা বেঁধে দেয় এবং সকল কর্মকান্ডে সামাজিক দৃশ্যমানতা সংরক্ষণ ও সম্প্রসারণ করে সেহেতু আইনের শাসনের উপস্থিতি তার অনুপস্থিতির চেয়ে সব সময়ই ভাল। যদি আইনে ত্রুটি থাকে কিংবা আইন যুগ–মানসের পরিবর্তনের সাথে সাথে পরিবর্তনীয় হয় তাহলে এই ক্ষেত্রে প্রয়োজন হবে তার যুক্তিসংগত সংশোধন ও সন্মানার্জন।

১৩। এই প্রেক্ষিতে আমরা বাংলাদেশের প্রচলিত সার্বিক আইনাবলীকে যেমন এখুনি বাদ দেয়ার কথা বলতে পারি না তেমনি ক্ষেত্র বিশেষে তা সংশোধনের প্রয়োজনীয়তাও অস্বীকার করতে পারি না। ব্যক্তি উদ্যমের ভিত্তিতে আর্থ-সামাজিক উন্নয়নের দৃষ্টিকোণ থেকে সমকালে বাংলাদেশে সব চাইতে বেশী প্রয়োজন প্রচলিত কোম্পানী, দেওলিয়াত্ব, চুক্তি বা লেনদেন, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান, এবং কৃষি ভূমি মালিকানা ও বর্গাচাষীর স্বত্ব সংক্রান্ত আইনাবলীর বিবর্তিত সময় উৎসারিত প্রয়োজন ও তুলনীয় দেশ সমূহে ইতিমধ্যে কৃত পরিবর্তনের আলোকে সংশোধন করা এবং এ সবের যথা সম্ভব দ্রুত ও স্বল্প ব্যয়ে বলবৎ করণের ব্যবস্থা করা। এদিকে যত্ন সহকারে দৃষ্টি দেয়া এখুনি প্রয়োজন।

১৪। এসব আইনাবলী বলবৎকরণের প্রসংগে এ কথা বলতে আমার দ্বিধা নেই যে, চলমান প্রশাসনিক ও বিচার ব্যবস্থা অর্থনৈতিক ক্ষেত্রে লেনদেন সংক্রান্ত দায়-দায়িত্ব ঈপ্সিত দ্রুততা ও ব্যয়স্বল্পতার সাথে বলবৎকরণের প্রত্যাশিত ভূমিকা রাখতে সক্ষম হয়নি। এই সেই দেশ যেখানে স্বৈর শাসনামলের শেষ বাজেটে প্রয়োজনানুগ অতিরিক্ত সম্পদ আহরণের লক্ষ্যে ৬৮৩ কোটি টাকার অতিরিক্ত কর অনায়াসে প্রায় কণ্ঠ ভোটে সংসদ গ্রহণ করেছে সেখানে সেই বছরেই একটি গণ-অর্থায়নী প্রতিষ্ঠান হতে ২৫০ কোটি টাকার বকেয়া ঋণ-সুদ মাফ হয়ে গিয়েছে, সংশ্লিষ্ট ঋণচুক্তি বলবৎ করণে প্রশাসন হয় অজ্ঞান না হয় কদলী কোমলতার ধারক হয়ে নিশ্চুপতার পরাকাষ্ঠা দেখিয়েছে। যদি সংশ্লিষ্ট আদালত হতে দায়-দেনা সংক্রান্ত অধিকাংশ বিবাদ বা মামলার নিষ্পত্তি করতে গড়ে এক বছরের চেয়ে বেশী সময় লাগে এবং তাই লাগছে বলেই জানা গেছে এবং যদি এ ক্ষেত্রে ডিক্রি পাওয়ার পরেও ডিক্রি সম্পাদন করতে আরও বছর খানেক লাগে এবং তাই লাগছে বলে ভুক্তভোগীরা সোচ্চার, তাহলে একথা বলতে কোন দ্বিধা কারও থাকে না যে, এক্ষেত্রে আইনের শ্লথ বলবৎকরণ অর্থনৈতিক লেনদেনের মাত্রা ও গতি কমিয়ে দিয়েছে। ফলতঃ কতিপয় ক্ষেত্রে এবং উদাহরণতঃ প্রত্যন্ত অঞ্চলে আর্থিক লেন-দেন সংক্রান্ত দায়-দায়িত্ব বলবৎ করণে মাস্তান পোষা বা চাচা-বড় মিয়ার আনুগত্য আহরণ আইনের শাসনের বলয়কে সংকুচিত করে এনেছে। ব্যক্তি উদ্যমের ভিত্তিতে অর্থনৈতিক উন্নয়ন প্রতিভাত হয় ক্রমবর্ধমান লেনদেনের মাত্রায়। এই লেনদেনের মাত্রা যদি সংশ্লিষ্ট আইনাবলীর সংশোধন এবং বিচার ও প্রশাসনিক ব্যবস্থার সংহতকরণ বাড়াতে না পারে তাহলে ব্যক্তি উদ্যমের ভিত্তিতে অর্থনৈতিক কর্মকান্ড কিংবা উৎপাদনের মাত্রাও বাড়াতে পারবে না। এ দিকে যত তাড়াতাড়ি জাতিগতভাবে আমরা নজর দেই ততই তাড়াতাড়ি আমরা গণতান্ত্রিক সমাজ ব্যবস্থায় ব্যক্তি উদ্যমের সৃজনশীল স্পন্দন বিস্তৃত করতে সমর্থহব।

১৫। অসংবদ্ধতার সম্ভাব্য অভিযোগ থেকে রেহাই পাওয়ার লক্ষ্যে আমি এই বক্তৃতার উপসংহার টানব এর নির্যাস তুলে ধরে। সাংবিধানিকভাবে এই দেশের-এই প্রজাতন্ত্রের সকল ক্ষমতার মালিক জনগণ। এই জনগণ '৯০ এর অভ্যুথানের স্বৈর শাসনকে হারিয়ে তাদের রায় দিয়েছেন আইনের শাসনের অনুকূলে। আইনের শাসনের মূল শর্ত গণতন্ত্রের উপস্থিতি ও ক্রম-প্রসার। গণতন্ত্রের দুই ভিত্তিঃ ব্যক্তি মালিকানার প্রাধান্য ও বহু দল। গণতান্ত্রিক ব্যবস্থায় আর্থ-

সামাজিক উন্নয়নের মূল ধারক ও বাহক ব্যক্তি উদ্যম। এবং সমষ্টির স্বার্থ রক্ষা করে ব্যক্তি উদ্যমের সফলতার ভিত্তি রাজনৈতিক স্বাধীনতা, আইনের শাসন ও সুসংহত গণতান্ত্রিক রাষ্ট্রীয় ব্যবস্থা। অতএব, '৯০ এর গণ-অভ্যুত্থানের উৎসারিত ব্যবহারিক দর্শন—গণতন্ত্র ও উন্নয়ন একে অন্যের সহায়কী প্রক্রিয়া, গণতন্ত্রের সংগ্রাম আর উন্নয়নের সংগ্রাম এই প্রেক্ষিতে এই কালে সমর্থক। দেশ ও সময় প্রেক্ষিতে গণতন্ত্র ও আর্থ-সামাজিক উন্নয়নের ভিত সঠিক ও দৃঢ়ভাবে স্থাপন এবং বিবেকের আনুগত্য নিয়ে তা অবিচ্ছিন্নভাবে সম্প্রসারণের পথে আমি আপনাদের স্বাগত করছি।

জয় হোক গণতন্ত্রের, জয় হোক উন্নয়নের, জয় হোক বাংলাদেশের।

ধন্যবাদ।

গ্রন্থপঞ্জী

১. আইন ও বিচার মন্ত্রণালয়ঃ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান, দ্বিতীয় ভাগ, বাংলাদেশ সরকার

2. Planning Commission: The Fourth Five Year Plan, 1990-95, Government of Bangladesh, June, 1990.

3. Rahman Atiur: Empowerment and Development-Towards Livelihood Security, Bangladesh Journal of Political Economy, Vol-II, No. I, 1990

4. Lal Deepak: The Political Economy of Economic Liberalisation, The World Bank Economic Review, Vol 1, No. 2

5. Dobel J Patrick: The Corruption of a State, The American Political Science Review, Vol. 72, 1977

6. Klitgaard Robert: Controlling Corruption, University of California Press, Berkley, 1988.

Bangladesh Journal of Political Economy, Vol 11 No. 2 A

এ্যাডাম স্মিথ দ্বিশতবার্ষিক স্মারক বক্তৃতা

রাজনৈতিক অর্থনীতির প্রত্যাবর্তন

সনৎ কুমার সাহা*

সকলেই স্বীকার করেন, অর্থনীতির প্রথম সংহিতা গ্রন্থের রচনাকার এ্যাডাম স্মিথ (১৭২৩–৯০)। তাঁর মৌলিকত্ব নিয়ে বিতর্কের অবকাশ আছে। শ্যমপীটরও এই মানদণ্ডে তাঁকে মহত্ত্বের মর্যাদা দিতেও কুণ্ঠিত।[১] কিন্তু তাঁর An Inquiry into the Nature and Causes of the Wealth of Nations (১৭৭৬)[২] যে অর্থনীতির নিজস্ব ভূখণ্ডকে সুনির্দিষ্ট ও পরিপূর্ণভাবে প্রথম চিনিয়ে দেয় এবং তাঁর অভ্যন্তরীণ যুক্তিশৃঙ্খলার নির্মাণকলাকে আলাদাভাবে চিহ্নিত করে তাকে ঐকান্তিক অনুশীলনের এক গুরুত্বপূর্ণ বিষয় হিসেবে তুলে ধরে, একথা মেনে নিতে আপত্তি করেন, অর্থনীতির এমন আগ্রহী পাঠক নিতান্তই বিরল। তাঁর গ্রন্থ পরিকল্পনাতেই অর্থনীতির বিশ্বরূপের আভাস মেলে। প্রথম পাঠে অন্বেষণের বিষয় শ্রমের উৎপাদিকা শক্তির সুষ্ঠু বিকাশের কারণসমূহ এবং বিভিন্ন স্তরের জনগণের ভেতর উৎপাদিত দ্রব্যসামগ্রীর স্বাভাবিক বন্টন প্রণালী। শ্রম বিভাজন, বিনিময় ও বাজার ব্যবস্থার বিকাশ ও বিন্যাস, দ্রব্যসামগীর দাম নির্ধারণ, মজুরি ও মুনাফা বিষয়ক ভাবনা এবং খাজনার ধারণাগত রূপরেখা–প্রথম পাঠের প্রধান আলোচ্য বিষয় এগুলোই। দ্বিতীয় পাঠে দেখি মূলধন, সঞ্চয় ও বিনিয়োগ তত্ত্বের উপস্থাপনা। সঞ্চয়ন প্রক্রিয়ার পরিণামে মজুত ভাণ্ডার সৃষ্টি এবং কার্যকর শ্রমের যথোপযুক্ত ব্যবহারে ওই মজুতভাণ্ডারের নির্ণায়ক ভূমিকা অনুশীলনের সিংহভাগ দখল করে রাখে। তৃতীয় পাঠের বিবেচ্য বিষয় ইউরোপের বিভিন্ন দেশে সমৃদ্ধির ক্রমবিকাশে তারতম্য–কৃষির তুলনায় কারিগরি কুশলতা ও শিল্পের প্রতি অধিকতর মনোনিবেশ, শহরাঞ্চলের বিস্তার ও নগর কেন্দ্রিক ব্যবসা–বাণিজ্যের সাথে যুক্ত হয়ে গ্রামাঞ্চলেরও অব্যাহত শ্রীবৃদ্ধি। চতুর্থ পাঠে এ্যাডাম স্মিথ নজর দেন তত্ত্ব বাস্তব নীতি ও কর্মকাণ্ডের সাথে জনগণের আপেক্ষিক বৈষয়িক অবস্থার কার্যকারণ সম্পর্কের ওপর, তাঁর লক্ষ্য সামান্যকরণে। ঐতিহাসিক তথ্যের ভিত্তিতে তাঁর প্রতিপাদ্য সাধারণ প্রস্তাবনার দিকে তিনি ধাপে ধাপে এগিয়ে যান। পঞ্চম ও শেষ পাঠের বৃহদাংশ জুড়ে আছে সরকারী অর্থ ব্যবস্থা। উপনিবেশিক অর্থনীতিও তার আওতাভুক্ত। এই পাঁচটি পাঠ দু'খণ্ডে ভাগ করা। চতুর্থ পাঠের তৃতীয় পরিচ্ছেদ পর্যন্ত স্থান পেয়েছে প্রথম খণ্ডে, বাকি অংশ দ্বিতীয় খণ্ডে।

স্পষ্টই প্রতীয়মান, অর্থনীতি বলতে শাস্ত্রবিদ্যার যে শাখাকে আজকাল আমরা সাধারণভাবে চিনে থাকি, তার মূল কাঠামোর প্রায় সবটাই দক্ষহাতে সুসমন্বিত আকারে গড়ে তোলেন

* অধ্যাপক, অর্থনীতি বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়

এ্যাডাম স্মিথ। নির্মাণের মালমসলা হয়ত সামান্যই তাঁর একক মেধার ফসল। কিন্তু সমস্তটাকে এক চিন্তাসূত্রে গেঁথে নিয়ে বাজার

অর্থনীতির মূল ধারণাকে নৈব্যক্তিক যুক্তিশৃঙ্খলায় প্রতিষ্ঠা করার গৌরব নিঃসন্দেহে তাঁর। যুক্তিশৃঙ্খলার ওই ধারা অর্থনীতিকে এক অনন্যনির্ভর স্বয়ংশাসিত বিদ্যার আকার দিতে থাকে। শ্যমপীটর ও তার চূড়ান্ত মহিমার বিচ্ছুরণ দেখেন ওয়ালরাসিয় সার্বিক ভারসাম্যে যেখানে যৌক্তিক নির্মান আপনাতে আপনি সম্পূর্ণ এক স্বয়ংক্রিয় আদর্শ বিমূর্ত জগৎ, যা বাস্তবতার সমান্তরাল ও প্রতিস্পর্ধী।[৩] বাস্তব সমাজ জীবনে অসংখ্য কর্মকাণ্ডের সর্বাত্মক পূর্ণতা নিষ্কামত তার অভিমুখী। অতএব অর্থনীতি সত্য হয়ে ওঠে–অথবা ভ্রান্ত–ওই চৈতন্য শাসিত জগতে। বাস্তব তার অনুসরণ করে মাত্র। এ যেন মানুষের আপন চেতনায় কাল্পিত ঈশ্বরের জগৎ নির্মাণ, পরে তারই আদর্শে মর্তলোকে পার্থিব সার্থকতার অন্বেষণ। অর্থনীতি স্বয়ং নিয়ন্ত্রিত বৃত্তে নিত্যতাকে স্পর্শ করতে চায়, যে কোন বৈজ্ঞানিক অনুসন্ধানেরই যা কাঙ্খিত পরিণাম। মানবভূমি থেকে উত্থিত হলেও তার লক্ষ্য এমন এক শুদ্ধতা যা সত্যানৃতে সংমিশ্রিত মানুষী অভীপ্সর মুখাপেক্ষী আর থাকে না, বরং তাকে অতিক্রম করে আপন নিয়মের শাসনের অভ্রান্ততাই তার প্রতিপাদ্য হয়ে ওঠে, যে অভ্রান্ততার দাবি আবার ব্যক্তি ও সমাজ জীবনে অব্যাহত প্রভাব ফেলে। বৈজ্ঞানিক অন্বেষার শৃঙ্খলা অর্থনীতিকেও বাঁধে এবং তার সূত্রপাত ঘটে এ্যাডাম স্মিথ–এর মানবজাতিসমূহের সমৃদ্ধির প্রকৃতি ও কারণের অন্বেষণেই।

কিন্তু মজা এই, তাঁর ওই মহৎ এবং বৃহৎ গ্রন্থে 'ইকোনমিক্স্' শব্দটি নিতান্তই বিরল। বস্তুগত সমৃদ্ধির স্বরূপ সন্ধানে তিনি নিজেকে ব্যস্ত রেখেছেন–এবং ওই বইতে এটিই তাঁর আসল কাজ, কিন্তু এই কাজকে তিনি 'ইকোনমিক্স্' বলে চিহ্নিত করেননি, যদিও তাঁর কাজের ওপর ভিত্তি করেই একটি স্বতন্ত্র বিদ্যা হিসেবে 'ইকোনমিক্স্' পরবর্তী সময়ে গড়ে ওঠে। তবে কি এ্যাডাম স্মিথ ছিলেন এক অসচেতন মনীষী, নিজের কাজের অর্থ ও গুরুত্ব ঠাহর করতে যিনি অপারগ? অবশ্যই নয়। বরং এটিই সত্য যে বিষয়ের প্রতি বিশ্বস্ত থেকে তিনি যে যৌক্তিক কাঠামো রচনা করেন, তা যেমন স্বয়ংসম্পূর্ণ, তেমনি আতিশয্য বর্জিত এবং তাঁর বিষয় ভাবনা একমুখী, সুশৃঙ্খল ও সুবিন্যস্ত। তিনি তাকে যদি 'ইকোনমিক্স্' বলে পরিচিত না করে থাকেন, তবে তা তাঁর সজ্ঞান অনুধাবনেরই ফল। গ্ল্যাসগো বিশ্ববিদ্যালয়ে নৈতিক দর্শনের অধ্যাপক এ্যাডাম স্মিথ মানুষের আচরণেও স্বাভাবিক প্রবণতায় সমৃদ্ধির চালিকাশক্তির যে প্রকাশ ধারাবাহিকভাবে লক্ষ্য করেন, তাকে অবলম্বন করেই দেশে দেশে জাতিতে জাতিতে মানুষের বৈষয়িক উন্নতির এক সাধারণ তত্ত্ব দাঁড় করাতে বিশেষ যত্নবান হন। নিউটনিয় বিশ্বভাবনায় প্রকৃতিতে নিয়মের শাসন ও সার্বিক ভারসাম্যের ধারণা জ্ঞান বিজ্ঞানের সমস্ত শাখাতেই অনিবার্য প্রভাব ফেলে। মানুষ যেহেতু বিশ্বপ্রকৃতিরই অংশ, তাই তার সমস্ত আচরণে নিয়মের ধারা খোঁজা নিউটন পরবর্তী ইউরোপীয় বিদ্বৎসমাজে অত্যন্ত জরুরী বলে গণ্য হতে থাকে। এই নিয়ম মানুষকে অবলম্বন করে, কিন্তু মানুষের অতিরিক্ত। যদি তা সাধারণ সত্যের আকার নেয় তবে ব্যক্তি বিশেষের ইচ্ছা–অনিচ্ছা–খেয়াল–খুশীর ওপর তা আর নির্ভর করে না। প্রকৃতির অন্তর্নিহিত অখণ্ডনীয় সত্যেরই এক প্রতিভাস বলে তা বিবেচিত হতে পারে। এ্যাডাম

পারে। এ্যাডাম স্মিথ দেখেন, মানুষ সমাজবদ্ধ প্রাণী এবং বিভিন্ন জাতির ভৌগলিক সীমা সাধারণত সমাজ মানুষের কর্মকাণ্ড প্রাথমিকভাবে বেঁধে দেয়। মানুষের বৈষয়িক উন্নতিকে তাই এ্যাডাম স্মিথ বিভিন্ন জাতির বৈষয়িক উন্নতির সাথে মিলিয়ে দেখেন। তারই তাত্ত্বিকসূত্র অন্বেষণ তাঁর সচেতন প্রয়াস হয়ে দাঁড়ায়। একে তিনি 'ইকোনমিক্স্' বলেননি; বলেছেন 'পলিটিক্যাল ইকোনমি'[৪] আরো স্পষ্ট করে বলেছেন, তাঁর কাজ প্রকৃতপক্ষে 'পলিটিক্যাল ইকোনমি'রই অনুশীলন। সহজেই লক্ষ্য করা যায়, এ্যাডাম স্মিথ বৈষয়িক সমৃদ্ধির প্রকৃতি ও কারণ নির্ণয়ের সাধনায় মানুষের বস্তুগত অবস্থান থেকে দৃষ্টি সরাননি, বরং সেই অবস্থানকে মানব প্রকৃতির প্রকাশমান প্রতিফলন বলে মেনে নিয়ে তার আবশ্যকতার ভিত্তিতে মানুষের সমৃদ্ধির এক সাধারণ সূত্রের রূপরেখা পাবার চেষ্টা করেছেন। সাধারণ সূত্রে মানুষের আচরণের অন্তর্নিহিত নিয়মের প্রকাশ ঘটলেও তার অন্বিষ্ট অবস্থান নৈর্ব্যক্তিক নিত্যতায়। কিন্তু তার ভিত্তি ও প্রয়োগ ক্ষেত্র থেকে যায় বিভিন্ন জাতির কর্মকাণ্ডে প্রত্যক্ষ মানবসমাজ।

গ্রন্থের চতুর্থ পাঠের শুরুতে এ্যাডাম স্মিথ 'পলিটিক্যাল ইকোনমি' বা রাজনৈতিক অর্থনীতির ধারণা বিশদ করেন এইভাবেঃ 'রাষ্ট্রনায়ক বা বিধায়কের আচরণ–বিজ্ঞানের শাখা হিসেবে 'রাজনৈতিক অর্থনীতি' দুটি বিশেষ উদ্দেশ্য সাধন করতে চায়ঃ প্রথম, জনগণের জন্যে প্রচুর আয় বা দ্রব্যসামগ্রীর ব্যবস্থা করা, অথবা, আরো সঙ্গতভাবে, তাদের নিজেদের দিয়েই নিজেদের জন্যে তেমন আয় বা দ্রব্যসামগ্রীর ব্যবস্থা করা; এবং দ্বিতীয়, রাষ্ট্র অথবা, রাষ্ট্রমণ্ডলের হাতে গণকল্যাণমূলক কার্যাবলীর জন্যে যথেষ্ট রাজস্ব নিশ্চিত করা। এর লক্ষ্য জনগণ ও রাষ্ট্র উভয়েরইসমৃদ্ধি।'[৫] এই বিদ্যা এ্যাডাম স্মিথের ধারণায় ও অনুশীলনে বিজ্ঞানেরই পর্যায়ভুক্ত– যদিও আচরণ বিজ্ঞান এবং তার ফলে অন্যান্য বিজ্ঞানের মত এখানেও তার লক্ষ্য হয়ে দাঁড়ায় ব্যক্তি ও রাষ্ট্রের সমৃদ্ধির পেছনে আচরণগত নিত্য সত্য বা অন্তর্নিহিত নিয়মের সূত্র আবিষ্কার। এই নিত্য সত্যের প্রকাশ দেখেন তিনি আত্মস্বার্থের চরিতার্থতায়, শ্রমবিভাজনে, বিনিময় ও বাজার ব্যবস্থায় এবং অবাধ বাণিজ্যে ও অব্যাহত প্রতিযোগিতায়। নিউটনিয় ক্রিয়া–প্রতিক্রিয়া তত্ত্বের প্রভাবেই সম্ভবত তাঁর আপাত উদ্ভট আত্মস্বার্থ চরিতার্থতায় সার্বিক সমৃদ্ধির কারণ অবলোকন। সমকালীন উদ্যোগের পরিবেশও তাঁকে অনুপ্রাণিত করে থাকবে। তাঁর বিখ্যাত উক্তি, 'কসাই, দারুওয়ালা বা রুটিওয়ালার বদান্যতায় আমরা আমাদের খাবার পাই না, পাই তাদের নিজ নিজ স্বার্থসিদ্ধির তৎপরতা থেকে। আমরা তাদের মানবতাবোধের কাছে আবেদন করি না, করি তাদের আত্মপ্রেমের কাছে এবং কখনোই তাদের কাছে আমাদের প্রয়োজনের কথা বলি না, বলি তাদের সুবিধার কথা। একমাত্র ভিখিরিই আর সবার দয়ার ওপর প্রধানত নির্ভর করে। এমনকি ভিখিরিও সবটুকু করে না। তাকেও চুক্তি, বিনিময় ও ক্রয়ের মাধ্যমে তার চাহিদার অনেকটা মেটাতে হয়'[৬]। আরো আগে তাঁর অন্য প্রধান গ্রন্থ 'থিওরি অফ মরাল সেন্টিমেন্ট্স্'–এ তিনি তাঁর প্রস্তাবনার ক্ষেত্র রচনা করেনঃ 'আমাদের ব্যক্তিগত সুখ ও স্বার্থর প্রতি মনোযোগও অনেক সময়ে আমাদের কর্মের অতি প্রশংসনীয় নীতি বলে বিবেচিত হয়। মিতব্যয়, পরিশ্রম, বিবেচনা ও চিন্তাশীলতার অভ্যাস সাধারণত আত্মস্বার্থ প্রণোদিত বলেই গণ্য হয়ে থাকে এবং একই সাথে তারা সবার অনুমোদন ও শ্রদ্ধা আকর্ষণ করার যোগ্য অতি উত্তম

গুণাবলী। ..... অমনোযোগ ও অমিতাচার যে কারো অনুমোদন পায় না, তার কারণ কোন দয়াবোধের অভাব নয়, বরং তা আপন আপন আত্মস্বার্থের বিষয়ের প্রতি যথার্থ মনোযোগের অভাব।'[৭]

প্রত্যেকেই যদি নিজের নিজের ভাল চায়, তবে সেই ভালর পথ নিশ্চিতভাবে খুলে যায় শ্রমবিভাজনে ও বিশেষীকরণে। এ্যাডাম স্মিথ জোরের সাথে বলেন, 'সবচেয়ে সম্ভ্রান্ত বর্বর সমাজ যা অর্জন করতে পারে, সভ্যসমাজের নিকৃষ্টতম উদাহরণও এই শ্রমবিভাজনের কল্যাণে তার চেয়ে অনেক বেশী প্রাচুর্য ও সমৃদ্ধি ভোগ করে।'[৮] যদি তার ফলে প্রচণ্ড বৈষম্য দেখা দেয়, তবুও। প্রযুক্তি উন্নয়ন, এমনকি বিনিয়োগ শ্রমবিভাজনেরই পরিণাম। যোগ্যতা অনুযায়ী নিজ নিজ কাজের উৎকর্ষ বিধান আপন আপন উদ্বৃত্তের পারস্পরিক বিনিময় অনিবার্য করে তোলে। এভাবেই বিনিময় ও বাজার ব্যবস্থা গড়ে ওঠে। বাজারের বিস্তার সমৃদ্ধিরই সূচক। তার "অদৃশ্য হাত" উৎপাদন ও বন্টন নিয়ন্ত্রণ করে।[৯] ব্যক্তিস্বাধীনতার ভিত্তিতে প্রতিযোগিতা ও অবাধ বাণিজ্য বাজার ব্যবস্থাকে সার্বিক ভারসাম্য ও অব্যাহত সমৃদ্ধির পথে ক্রমাগত এগিয়ে নিয়ে যায়। এই প্রক্রিয়াকে সচল রাখে উৎপাদনে ব্যক্তিগত লাভের আশা এবং এই লাভের আশাই মূলধনের সঞ্চয়ন ও বিনিয়োগে উৎসাহ জোগায়। বিনিয়োগ বাড়লে শ্রমের চাহিদাও বাড়ে। বাড়ে মজুরি ও উৎপাদন। সমৃদ্ধি তার চূড়ান্ত পর্যায়ে পৌঁছে যায় যখন পুঞ্জীভূত মূলধন ও জনসংখ্যা বৃদ্ধি সম্পদ সৃষ্টিতে আর সহায়ক হয় না। ভূপ্রকৃতির উৎপাদনক্ষমতা ঐশ্বর্যের সীমা বেঁধে দেয়। শ্রমবিভাজন কতদূর যেতে পারে তা স্থির করে দেয় বাজারের আয়তন। বাজারের বিস্তার শেষ পর্যন্ত নির্ভর করে উৎপাদন বৃদ্ধির সম্ভাবনার ওপর এবং সমৃদ্ধির পথে একমাত্র চালিকাশক্তি আত্মস্বার্থ প্রণোদিত প্রতিটি ব্যক্তির নিজ নিজ কর্মোদ্যোগ। রাষ্ট্রের দায়িত্ব এই অবাধ কর্মোদ্যোগের পুষ্টি সাধন। তা যেমন একটি রাষ্ট্রের অভ্যন্তরে, তেমনি বিভিন্ন রাষ্ট্রের জনগণের ব্যবসা-বাণিজ্যেও। কোন ব্যক্তি বা সংস্থার ব্যবসা-বাণিজ্যে একচেটিয়া অধিকার সর্বতোভাবে ক্ষতিকর। তা অন্যান্য ব্যক্তির উদ্যোগে বাধা হয়ে দাঁড়ায়। পরিণামে সমৃদ্ধিই সংকুচিত হয়। এই যুক্তিতেই এ্যাডাম স্মিথ একচেটিয়া ঔপনিবেশিক বাণিজ্যের বিরোধী, বিরোধী উপনিবেশ থেকে একমুখী ধনদৌলত ও বিষয়-সম্পদ আহরণের। কারণ তা দ্বিমুখী উৎপাদন বৃদ্ধি ও সম্পদ সৃষ্টির সম্ভাবনাকেই সমূলে বিনষ্ট করে।

বিভিন্ন জাতির শ্রীবৃদ্ধির হেতু নির্ণয়ে এ্যাডাম স্মিথ যে যুক্তিশৃংখল রচনা করেন, তা কিন্তু আর কোন ব্যক্তি বা রাষ্ট্রক্ষমতার ইচ্ছা-অনিচ্ছা বা কর্মকাণ্ডের ওপর নির্ভরশীল থাকে না। ব্যক্তি ও রাষ্ট্রের কর্তব্য কর্ম নির্দেশ করলেও তা দাবি করে এমন এক অভ্রান্ততা যা সাধারণ সত্যের আকার নিয়ে দেশ ও কালের গণ্ডি অতিক্রম করে। এখানেই তা হয়ে উঠতে চায় প্রকৃতি-বিজ্ঞানের প্রতিস্পর্ধী। কিন্তু তার উপাত্তভূমি সমাজ-রাষ্ট্রের বিকাশমান পরিমণ্ডল। তা সর্বাংশে বাস্তব। সমকালীন মানুষের জীবনযাপন প্রণালী ও তার ঐতিহ্য, কল্যাণবোধ ও উন্নতির আকাংখা অপ্রতর্ক্য প্রত্যয় রচনায় নিঃসন্দেহে ছায়া ফেলে। সিদ্ধান্তের অভ্রান্ততার দাবি তার ব্যবহারিক মূল্যকে বাড়িয়ে দেয়। এ্যাডাম স্মিথ তাঁর নির্মিত ভুবনে পার্থিব জগতের মানবিক অক্ষরেখা থেকে দূরে সরেননি। তাই তা সর্বাংশে বিমূর্ত হয়ে ওঠেনি। পরিচিত শব্দবন্ধ

'পলিটিক্যাল ইকোনমি'র ধারণার প্রতি বিশ্বস্ত থেকে তার যৌক্তিক কাঠামোকে তা নৈর্ব্যক্তিক সম্পূর্ণতায় তুলে ধরতে চেয়েছে।

অবশ্য এ্যাডাম স্মিথ শেষকথা বলেননি। কোন বিদ্যাতেই শেষকথা বলে কিছু নেই–যদি না তা হয়ে পড়ে মৃত বা অবরুদ্ধ। তবে বিদ্যার যে ক্ষেত্র তিনি নির্দেশ করেন, পরবর্তী একশ বছরে তা প্রায় অপরিবর্তিতই থাকে। রিকার্ডো থেকে মিল, সবাই রাজনৈতিক অর্থনীতির চর্চাই করেছেন।[১০] কার্লমার্ক্স্–ও তাই। তাঁর 'ক্যাপিটাল' গ্রন্থের প্রবেশিকা 'এ কন্ট্রিবিউশন টু দ্য ক্রিটিক অফ পলিটিক্যাল ইকোনমি।' সবাই এককথা বলেননি। বরং পূর্বসূরির বক্তব্য সংশোধন বা খণ্ডন করার ভেতর দিয়েই এই বিদ্যার ক্রমবিকাশ ঘটেছে। রিকার্ডোর মূল্য, খাজনা বা বাণিজ্য তত্ত্ব এ্যাডাম স্মিথের ধারণাকে ঢেলে সাজায়। তার হাতে সবটাই সংশোধিত ও আরো সঠিকভাবে স্থাপিত ও বিকশিত। কার্লমার্ক্স্ তো ভিন্নতর প্রত্যয় কাঠামো রচনা করে ব্যক্তি থেকে শ্রেণীতে এবং শ্রেণী থেকে সমষ্টিতে দৃষ্টি নিক্ষেপ করেন। তাঁর দ্বান্দ্বিক বস্তুবাদ সমাজ প্রগতির ব্যাখ্যায় বিকল্প প্রেক্ষিত রচনা করে। যদিও তা অতিব্যাপ্ত বলে অনেকে তার গুরুত্ব এককথায় মেনে নিতে কুণ্ঠিত, তবু তার প্রায়োগিক তাৎপর্য অর্থনৈতিক সম্পর্ক–সম্বন্ধের বিশ্লেষণে কখনোই তাকে উপেক্ষা করতে দেয় না। উনিশ–শতকের প্রায় সবটা জুড়ে সমাজ–অর্থনীতি–প্রগতি চর্চায় বিষয় বিবেচনা মোটামুটি একই থাকে। যেসব বরেণ্য মনীষী এই বিদ্যায় মনোনিবেশ করেন, তাঁরা প্রায় সকলেই রাজনৈতিক অর্থনীতির প্রতিষ্ঠিত চালচিত্রটি মনে মনে ছকে নিয়ে অগ্রসর হন। বিদ্যার বিকাশ ঘটে ওই চালচিত্রকে আশ্রয় করেই।

কিন্তু শতাব্দীর শেষখণ্ডে বিষয় ভাবনাও একটু একটু করে বদলে যায়। যুক্তির পর্যায়ক্রমিক বিন্যাস ও অবশ্যম্ভাবী সমাধান অনুশীলনে প্রধান জায়গা দখল করে নেয়। বাস্তব জীবনে ধরা ছোঁয়ার ব্যাপারটি গৌণ হয়ে পড়তে থাকে। মার্জিনালিস্ট বা প্রান্তিকবাদী চিন্তানায়কেরা এটা প্রমাণ করে দেখাতে চান যে, যে কোন বাঞ্ছিতকরণ সমস্যার সমাধান নির্ভর করে সংশ্লিষ্ট লাভক্ষতির প্রান্তিক মানের সমীকরণের ওপর। তার জন্যে প্রয়োজনীয় প্রত্যয় কাঠামো রচনা করায় রাষ্ট্র বা সমাজে মানুষের দৈনন্দিন ক্রিয়াকর্মের দিকে নজর দেবার প্রয়োজন করে না, সমাধানের উপযোগী প্রত্যয়রাশির অভ্যন্তরীণ সঙ্গতি ও সামঞ্জস্যই যথেষ্ট। সমাধান যদি অন্বিষ্ট হয়, তবে পূর্বনির্ধারিত শর্তাবলী বাস্তব সম্মত হোক বা না হোক, সমাধানে পৌঁছে দিলে তারাই বিবেচনার সবটুকু দাবি করে বসে। সমাধানের যৌক্তিকতাও প্রতিষ্ঠিত হয়। এভাবে সর্বাধিক প্রাপ্তির লক্ষ্যে প্রতিটি ভোক্তা ও উৎপাদকের সমাধান–সিদ্ধান্তে পৌঁছুবার শর্ত ও পদ্ধতি অনন্য নির্ভর নিশ্চয়তায় নির্দিষ্ট হলে বস্তু জগৎ অবান্তর হয়ে পড়ে। তারাই চূড়ান্ত বলে গ্রাহ্য হয়। একই যুক্তি বিন্যাসে গোটা বাজার ব্যবস্থায় প্রত্যেকের সর্বোত্তম লক্ষ্য অর্জনের মাধ্যমে সাধারণ ভারসাম্য রচনা ওই প্রেক্ষিতে বিষয় ভাবনার শেষকথা। সব মিলিয়ে যা পাই তা হলো বিষয় চিন্তার একমেবাদ্বিতীয়ম্ যৌক্তিক কাঠামো। তার শুদ্ধতা ও সত্যতা বাস্তবকে পথ দেখাতে পারে, কিন্তু বাস্তব তাকে বিকৃত করে না। রাজনৈতিক অর্থনীতি শুদ্ধ অর্থনৈতিক চিন্তায় পর্যবসিত হয়। অর্থনীতি তার নিজস্ব ভূখণ্ডে একক মহিমায় জাঁকিয়ে বসে। রিকার্ডো, সিনিয়র বা মিল্–এর ধ্রুপদী গ্রন্থের শিরোনামে যেখানে ছিল 'পলিটিক্যাল ইকোনমি'র প্রশ্নাতীত

উল্লেখ, সেখানে শতাব্দী শেষে মার্শালের মহৎ গ্রন্থের নাম 'প্রিন্সিপ্‌ল্‌স্ অফ ইকোনমিক্‌স' (১৮৯০)। অর্থনীতি অন্য অনুষঙ্গ বাদ দিয়ে তার একক বিশ্বে প্রবেশ করে। নিও–ক্ল্যাসিক্যাল যুক্তিকাঠামো ক্ল্যাসিক্যাল চিন্তাকে অতিক্রম করে আসে।

দুই

নিও ক্ল্যাসিক্যাল অর্থনীতিতে নিউটনিয় বল বিদ্যার ছায়াপাত দুর্নিরীক্ষ্য নয়। বাজার ব্যবস্থায় ঘটে বিপরীতমুখী বিভিন্ন শক্তির সমাহার। এই শক্তিগুলোও আবার এক বা একাধিক অন্যান্য উপাদানের ওপর নির্ভরশীল এবং একই সাথে পরস্পর পরস্পরের ওপর কার্যকর। নিওক্ল্যাসিক্যাল অর্থনীতি সমস্ত বিচ্যুতি ও বিসঙ্গতি থেকে বিচ্ছিন্ন করে তাদের শুদ্ধ আকার ছেঁকে তুলতে চায়। এই আকারের প্রতিফলন সবটাই বাস্তবে ঘটে না; হয়ত কোন কোনটি দৃশ্যমানও নয়। তবু তার প্রত্যেকটি পুরোপুরি মনে মনে ছকে নেওয়া চলে। তা নিরবচ্ছিন্ন এবং সুচারু; সুস্থিত ও সুবিন্যস্ত। অর্থনীতির ধারণগত বিশ্বে যৌক্তিক প্রত্যাশার সাথে তা মানিয়ে যায়। এরকম শক্তিসমূহের ক্রিয়া–প্রতিক্রিয়ায় বাজারের প্রতিটি কর্মকাণ্ডে এবং পরিণামে সমস্ত কর্মকাণ্ডে একসাথে সর্বোত্তম অবস্থার তাত্ত্বিক রূপ ফুটিয়ে তুলে সার্বিক ভারসাম্যের ধারণা দেওয়া নিওক্ল্যাসিক্যাল অর্থনীতির প্রধান কাজ। গাণিতিক বাহ্যিতকরণের উভয় প্রান্তিক শর্ত প্রতিটি ক্ষেত্রে বীজমন্ত্রের মত কাজ করে। বাজারের তাত্ত্বিক কাঠামোয় সার্বিক সমাধান প্রমাণিত হলে তার জন্যে পূর্ব শর্তের যে প্রত্যয়ভূমি রচনা করা হয় তাও স্থানকাল নিরপেক্ষভাবে অভ্রান্ততা দাবি করে। প্রকৃতির নিয়মের মত সাধারণ সত্যের মর্যাদা চায় অর্থনৈতিক বিধান। বাস্তব যদি ওই "সত্যের" অনুসারী না হয়, তবে ধরে নিতে হবে 'অন্য সবকিছু' অবিকল বা প্রত্যয়ভূমি অবিচল থাকেনি। যৌক্তিক কাঠামো ত্রুটিহীন হলে তাত্ত্বিক নির্মাণেও কোন ভুল থাকে না এবং তাত্ত্বিক সমাধান সঙ্গত হলে প্রত্যয়ভূমির যৌক্তিকতাও মেনে নিতে হয়। বিপরীত দিক থেকে কোন অনুমান বা প্রস্তাবনার যৌক্তিক প্রমাণ যদি বাস্তবের সমর্থন পায়, তবে তার প্রত্যয়ভূমিও যে বাস্তবসম্মত, তা স্বীকার করতে হয়। এভাবে প্রতিষ্ঠা পায় পূর্ণ প্রতিযোগিতার ধারণা, ক্রমহ্রাসমান ব্যক্তি উপযোগের ওপর ভিত্তি করে গড়ে ওঠে বাজারের নিম্নগামী চাহিদা রেখা এবং ক্রমবর্ধমান প্রান্তিক ব্যয়ের সাথে সঙ্গতি রেখে ঊর্ধগামী যোগান রেখা। ধরে নেওয়া হয় মাত্রা–উৎপাদন সম্পর্ক স্থির এবং কোন উপাদানের প্রান্তিক উৎপাদনশীলতা ধনাত্মক হলেও ক্রমহ্রাসমান। কব–ডগলাস উৎপাদন অপেক্ষকের প্রায়োগিক সিদ্ধি যখন স্বীকৃতি পায়, তখন তার অনুসরণে অব্যর্থ প্রান্তিক হিসেবে মিলে যায় উৎপাদনে উপকরণসমূহের নিজ নিজ অংশভাগ সর্বোত্তম অবস্থায় ভারসাম্যের প্রয়োজনেই স্থির এবং উদ্বৃত্ত বা ঘাটতি উৎপাদন ক্রমাগত ঘটতে থাকা সম্পূর্ণত অযৌক্তিক। মূলধন বিনিয়োগ তার প্রান্তিক উৎপাদনশীলতা ও সুদের হারের ওপর নির্ভরশীল। সুদের হার কমলে মূলধন বিনিয়োগ বাড়ে, কিন্তু উৎপাদনে পুঁজি–নিবিড়তা বা মূলধন–শ্রম অনুপাত হ্রাস পায়। সর্বোপরি মনে করা হয়, উৎপাদন ক্ষমতার সর্বোত্তম ব্যবহার বা সাধ্যমত সর্বনিম্ন ব্যয়ে উৎপাদন পরিচালনা দক্ষতার ও সে সাথে কাম্যতার মাপকাঠি। অর্থনীতিতে অসৎ কোন মূল্য আরোপ অবান্তর ও

এটা সহজেই বোঝা যায়, বিজ্ঞানের অন্যান্য শাখার মত অর্থনীতিও নিজস্ব ক্ষেত্রে অসংখ্য কর্মকাণ্ডের অন্তর্নিহিত প্রবণতা ও নিয়মসমূহ ঠিকঠিক তুলে ধরে চিনিয়ে দিতে চায়। এসব নিয়ম ব্যক্তি বা মহল বিশেষের প্ররোচনার পরিণাম নয়। সমস্ত ব্যক্তির সম্মিলিত স্বতঃস্ফূর্ত ও স্বাভাবিক যোগাযোগের সার্বিক ধারণাই তাদের ভিত্তি। শুদ্ধ বিজ্ঞানের মত অর্থনীতিও ঐসব ধারণার ওপর প্রয়োগ করে তার অনুসন্ধান পদ্ধতি। বিজ্ঞানের প্রচলিত পন্থা পদ্ধতি অর্থনীতির চিন্তা-কাঠামোকেও নিয়ন্ত্রণ করতে থাকে। রবিন্‌স্ তাঁর বিখ্যাত প্রবন্ধে (১৯৩২) তো ঘোষণাই করেন অর্থনীতিও সাধারণ বিজ্ঞান পদবাচ্য। তাঁর বহুল প্রচলিত সংজ্ঞা 'অর্থনীতি সেই বিজ্ঞান, যা বিকল্প ব্যবহারযোগ্য দুষ্প্রাপ্য সহায়-সম্বল (স্কেয়ার্স মীন্‌স্) ও উদ্দেশ্যসমূহের (এন্‌ড্‌স্) সম্পর্ক নির্দেশক মনুষ্য আচরণী অনুশীলন করে।'[১১] এই সংজ্ঞা অর্থনীতিকে সরাসরি বিজ্ঞান বলায় ইতস্তত করে না। এটা যে সমাজ বিজ্ঞান, এর বিচার্য বিষয় যে-কোন মানুষ নয়, সমাজবদ্ধ মানুষ এবং সমাজবদ্ধ মানুষের আচার-আচরণ অনুশীলন বাড়তি প্রতিবন্ধ রচনা করে, তা এই সংজ্ঞা আদৌ গণ্য করার প্রয়োজন দেখে না। উপরন্তু ওই ঐ প্রবন্ধে পন্থাপদ্ধতির নৈর্ব্যাক্তিক বিন্যাসের ওপর যে গুরুত্ব আরোপ করা হয়, তাতে সাধারণ বিজ্ঞানের যৌক্তিক নির্মাণ প্রক্রিয়ার সরাসরি প্রভাব নির্ভুল ধরা পড়ে। তিনি লেখেন, 'সব বৈজ্ঞানিক তত্ত্বের মত অর্থনৈতিক তত্ত্বের বক্তব্যসমূহ স্পষ্টতই এক প্রত্যয়রাশি (সিরিজ অফ পসট্যুলেট্‌স্) থেকে অনুসৃত এবং ঐ প্রত্যয়গুলোর মধ্যে যেগুলো প্রধান, সেগুলো এই বিজ্ঞানের বিষয়বস্তু, দ্রব্যসামগ্রীর দুষ্প্রাপ্যতার প্রকাশের প্রক্রিয়ার সাথে সংশ্লিষ্ট সরল ও অবিসংবাদী অভিজ্ঞতাসমূহের সাথে কোন না কোনভাবে জড়িত প্রতিজ্ঞাসমূহ (এ্যাসামশন্‌স্) মূল্যতত্ত্বের প্রধান প্রত্যয় এই সত্য যেসব ব্যক্তি তাদের পছন্দসমূহকে ক্রমানুযায়ী সাজাতে পারে এবং প্রকৃতপক্ষে তা তারা করে। একাধিক উৎপাদনের উপাদান থাকা উৎপাদন তত্ত্বের প্রধান প্রত্যয়। কালের গতিময়র্তায় তত্ত্বের প্রধান প্রত্যয় ভবিষ্যতের দুষ্প্রাপ্যতা বিষয়ে আমাদের অনিশ্চিত ধারণা। প্রত্যয়গুলো এমন নয় যে তাদের প্রকৃতিসম্যক উপলব্ধি করতে পারলে তাদের বাস্তব প্রতিরূপসমূহের অস্তিত্বের প্রশ্ন নিয়ে তুমুল বির্তক উঠবে। তাদের সত্যতা প্রমাণের জন্য কোন নিয়ন্ত্রিত পরীক্ষা-নিরীক্ষার প্রয়োজন করে না। আমাদের দৈনন্দিন অভিজ্ঞতাই বলে দেয়, তারা একরকম অবধারিত সত্য। প্রকৃতপক্ষে বিপদ বরং এটিই যে তারা এতই অবধারিত মনে হতে পারে যে তাদের আরো অনুশীলন কোন কাজে আসবে না বলে সংশয় দেখা দিতে পারে। তবু এ জাতীয় প্রত্যয়ের ওপরই গভীর বিশ্লেষণ থেকে জটিল তত্ত্বসমূহ শেষ পর্যন্ত দাঁড়িয়ে থাকে এবং তাদের অবস্থান থেকেই অর্থনীতি-বিজ্ঞানের সাধারণ বক্তব্যসমূহের সম্যক প্রয়োগসাধ্যতা নির্ধারিত হয়। এও অবশ্য সত্য যে এসব বক্তব্যের জটিলতর প্রয়োগ পদ্ধতি বিকাশের জন্যে আমাদের আরো অনুষঙ্গী প্রত্যয়ের প্রয়োজন হয়। ..... তবে যা বোঝা খুব জরুরী, তাহলো প্রধান প্রধান প্রত্যয় ও প্রতিষ্ঠাগুলোর প্রায়োগিক যৌক্তিকতা কত ব্যাপক।'

স্পষ্টই বোঝা যায়, অর্থনীতি সাধারণ বিজ্ঞানের ছাঁচে নিজেকে গড়ে তুলতে চাইছে। তার অনুসন্ধান প্রণালী হয়ে ওঠে বৈজ্ঞানিক গবেষণায় অবরোহী প্রণালীর অনুরূপ। পূর্ব নির্ধারিত প্রত্যয়রাশি যুক্তির সোপান বেয়ে অর্থনীতির তাত্ত্বিক সিদ্ধান্তে পৌছে দেয়। ঐ প্রত্যয়রাশি

প্রত্যক্ষানুমান ও গভীর অভিনিবেশের ফল; এবং আপাতদৃষ্টে অতি সরল ও তর্কাতীত। কিন্তু তারাই জন্ম দেয় চমকপ্রদ সব তত্ত্বের। হিক্‌স্ যেমন বলেছেন, 'পিওর ইকোনমিক্‌স্ হ্যাজ এ রিমার্কেব্‌ল্ ওয়ে অফ প্রড্যুসিং র‍্যাবিট্‌স্ আউট অফ এ হ্যাট–এপারেনট্‌লি এ প্রায়োরাই প্রপোজিশন্‌স্ হুইচ এপারেন্‌ট্‌লি রেফার টু রিয়্যালিটি।'[১৩] দু'বার এপারেন্‌ট্‌লি শব্দের ব্যবহারে হয়ত গোপন ঠাট্টার ছোঁয়া আছে। কিন্তু অত অল্পের ওপর দাঁড়িয়ে বিরাট তাত্ত্বিক কাঠামো তৈরী করা–সেটি হিক্‌সের কাছেও তারিফ আদায় করে নেয়। রবিন্‌স তাদের নিতান্তই সরল, নির্দোষ ও বাস্তব অভিজ্ঞতায় সর্বজনগ্রাহ্য বলে তাদের সম্পর্কে প্রশ্ন তোলা অনর্থক বলে মনে করেছেন। ফলে জোর সমস্তটাই পড়েছে অবরোহী পদ্ধতির শুদ্ধতার ওপর। তারা সঠিক হলে সিদ্ধান্তও সঠিক বলে বিবেচিত হতে পারে। কিন্তু রবিন্‌স্–এর মত প্রত্যয়বাদী যাদের স্পষ্টই প্রতীয়মান বলে একবাক্যে মেনে নেন, বাস্তবত তারা অত স্পষ্ট নয়, সবসময় প্রতীয়মানও নয়। ভোক্তার আচরণবিধি ও উৎপাদন তত্ত্বের প্রত্যয়গুলো খুঁটিয়ে দেখলেই তাদের নিয়ে অস্বাদৃশ্য বাড়ে।[১৪] তাছাড়া অবান্তর বিষয় থেকে তত্ত্বকে বিচ্ছিন্ন করার যে উদ্যোগ নেওয়া হয়, তাও কতদূর টেনে নিয়ে যাওয়া যায়, তা প্রশ্নসাপেক্ষ। অর্থনৈতিক কর্মকাণ্ডে চলকসমূহ এমন বিশৃঙ্খলভাবে ছড়িয়ে ছিটিয়ে জড়াজড়ি করে থাকে যে একটি প্রত্যক্ষ বাস্তবসম্মত শুদ্ধ যৌক্তিক সমাধান দাঁড় করানো অত্যন্ত দুরূহ বলে মনে হতে পারে।

মিলটন ফ্রীডম্যান এ সমস্যার সমাধান বাত্‌লান এক চরম পন্থার দাওয়াই দিয়ে।[১৫] তিনি বলেন, প্রত্যয় সঠিক কি বেঠিক, এ প্রশ্ন অবান্তর। প্রকৃতপক্ষে বাস্তবতা থেকে তারা যত দূরে সরে যায়, ততই ভাল। অন্তত স্যামুয়েলসন ফ্রীডম্যানের ধারণা সম্পর্কে এ ধরনের মন্তব্যই করেন। ফ্রীডম্যানের লেখাই অবশ্য এ মন্তব্য আহবান করে। সেখানে তিনি কোন অস্পষ্টতা রাখেন নাঃ 'এ ভাবনা খুব চমৎকার মনে হতে পারে যে অনুমানসমূহের (হাইপোথেসেস) শুধু পরিণামগত তাৎপর্যই (ইম্‌প্লিকেশন্‌স্) থাকে না, তাদের প্রতিজ্ঞারাশিও (এ্যাসামশন্‌স্) থাকে, এবং ঐ প্রতিজ্ঞারাশির সাথে বাস্তবতার (রিয়্যালিটি) সাদৃশ্য পরিণামগত তাৎপর্যের ভিত্তিতে বিচার থেকে ভিন্ন ও তার অতিরিক্ত ঐ অনুমানের যথার্থতার অন্য এক বিচার। অনেকের এ ধারণা মূলত ভ্রান্ত এবং অনেক অপকীর্তির কারণ। ..... কোন তত্ত্বের প্রতিষ্ঠাসমূহ সম্পর্কে প্রাসঙ্গিক প্রশ্ন এ নয় যে তারা "বাস্তবতার" প্রকাশ ঘটায় কিনা, কারণ তারা কখনোই তা করে না, বরং তা এই যে অভীষ্ট লক্ষ্যের বিবেচনায় তারা যথেষ্ট কাছাকাছি প্রতিরূপ কিনা এবং এ প্রশ্নের উত্তর কেবলমাত্র তত্ত্বের কার্যকারিতার ওপর নির্ভর করে, অর্থাৎ দেখা, ঐ তত্ত্ব যথেষ্ট সঠিক পূর্বাভাস দিতে পারে কিনা। দু'টি আলাদা আলাদা বিচার ফলে একটিতেই পর্যবসিত হয়।'[১৬] এবং তা ঐ দ্বিতীয়টি। এখানেও পাই প্রকৃতি বিজ্ঞানের তত্ত্ব প্রমাণ পদ্ধতির অনুসরণ। তাত্ত্বিক বক্তব্যের অনুসরণে অনুমান খাড়া করে যাচাই করতে চাওয়া হয়, বাস্তবে তা টেকে কিনা। যদি টেকে, তবে প্রত্যয় নিয়ে প্রশ্ন তোলার আর কোন মানে হয় না। বাস্তবের সমান্তরাল যে প্রত্যয় নির্ভর তাত্ত্বিক নির্মাণ, তার কার্যকারণকে সেখানে গ্রহণযোগ্য বলে মেনে নেওয়া চলে। ফ্রীডম্যান ধনাত্মক অর্থনীতির (পজিটিভ ইকোনমিক্‌স্) প্রবক্তা। তত্ত্বের ভাল–মন্দ বিচারের অন্য কোন মানদণ্ড তাঁর কাছে অর্থহীন। তত্ত্ব বিচারে তিনি স্পষ্টতই আরোহী পদ্ধতির

ওপর জোর দেন। কিন্তু তত্ত্বের যৌক্তিক কাঠামো নিচ্ছিদ্রভাবে প্রত্যয়-নির্ভর অবরোহী থেকে যায় প্রত্যয়কে আক্রমণ করে তত্ত্বের যৌক্তিকতা নস্যাৎ করার যে-কোন প্রয়াস তাঁর কাছে আপত্তিকর ঠেকে। উদাহরণস্বরূপ, তিনি ব্যাখ্যা করেনঃ 'অর্থনীতিতে একচেটিয়া কারবার ভিত্তিক প্রতিযোগিতা ও অপূর্ণ প্রতিযোগিতার তত্ত্ব এই বক্তব্যের প্রতি অবহেলার এক প্রকৃষ্ট উদাহরণ। এই তত্ত্ব তুলে ধরার পেছনে যা খোলাখুলি মদদ জুগিয়েছে এবং এর বিপুল স্বীকৃতি ও অনুমোদন যা দিয়ে অনেকখানি ব্যাখ্যা করা যায়, তাহলো এই বিশ্বাস যে নিও-ক্ল্যাসিক্যাল অর্থনীতি তত্ত্ব "পূর্ণ প্রতিযোগিতা" অথবা "পূর্ণএকচেটিয়া কারবারের" যে প্রত্যয় বানিয়ে বর্তমান বলে ধরে নেওয়া হয়, তা বাস্তবতার ভ্রান্ত প্রতিরূপ রচনা করে এবং এই বিশ্বাস স্বয়ং যার ওপর প্রায় পুরোপুরি দাঁড়িয়ে থাকে তা নিও-ক্ল্যাসিক্যাল অর্থনীতি তত্ত্ব থেকে উদ্ভূত কোন পরিণাম প্রস্তাবের স্বীকৃত খণ্ডন নয়, বরং তা প্রত্যক্ষ আচরণের প্রাথমিক অনুধাবনের সাথে ঐ তত্ত্বের প্রতিষ্ঠাসমূহের বর্ণনামূলক গড়মিল।'[১৭] এই অবস্থানটিই ফ্রীডম্যানের কাছে অগ্রহণযোগ্য। তত্ত্বসজ্ঞাত প্রস্তাবসমূহ দাঁড়াতে পারল কিনা, সেটিই তাঁর কাছে চরম কথা। দাঁড়াতে পারার শর্তও ফ্রীডম্যান কিছুটা বদলে দেন। কার্ল পপারের অনুসরণে কোন বক্তব্যের গ্রহণযোগ্যতার মাপকাঠি তাঁর কাছে তার শুদ্ধ হওয়া নয়, বরং তার অশুদ্ধ না হওয়া। বক্তব্যের অশুদ্ধতা প্রমাণিত হলেই তা প্রত্যাখ্যানযোগ্য, অন্যথায় নয় এবং বক্তব্য খণ্ডিত হলে এক প্রত্যয়কাঠামো ছেড়ে অন্য প্রত্যয়কাঠামো ধরে আবার এগুতে হবে অবরোহী পদ্ধতিতেই। নতুন প্রত্যয়কাঠামো পুরোনোটির পরিবর্তন, পরিবর্ধন বা পরিমার্জন। কিন্তু কোনক্রমেই তা পরীক্ষনীয় নয়। যদিও একটি প্রস্তাবের প্রত্যয়ভূমি রচিত হতে পারে অন্য কোন প্রতিষ্ঠিত সমাধান সূত্র অবলম্বন করে।

তত্ত্ববিচারে ফ্রীডম্যান যে ভূমিকা নেন, তাতে নিওক্ল্যাসিক্যাল তত্ত্বে কিছুই আর প্রত্যাখ্যানযোগ্য থাকে না। স্যামুয়েলসন যাকে বলেছিলেন অর্থবহ প্রস্তাব (মীনিংফুল প্রপোজিশন)[১৮], তাকে ফ্রীডম্যন প্রায় অর্থের অতিরিক্ত করে তোলেন। সেই প্রস্তাবেই অর্থবহ, যা খণ্ডনযোগ্য এবং খণ্ডনের ভিত্তি হলো তার সত্য না হওয়া। কিন্তু ফ্রীডম্যান তাকে টেনে নিয়ে গেলেন একেবারে মিথ্যা হওয়াতে। সত্য এবং না-মিথ্যা এক নয়। না-মিথ্যার আঁড়ালে অনেক ভেজাল ঢুকে পড়ার আশংকা থাকে। বিশেষ করে অর্থনীতির ভাবনায়, যেখানে সত্য কখনোই স্থির ও নির্বিকল্প নয় এবং বিভিন্ন ক্রিয়া-প্রতিক্রিয়ার সম্পর্ক-সম্বন্ধে কখনোই সর্বসম যথাযথ গাণিতিক সমীকরণে সিদ্ধ নয়।

এখানেই আসে যৌক্তিক অনুমান বিচারের পদ্ধতিগত প্রশ্ন। প্রত্যক্ষ বাস্তবতায় উপাত্ত সংগৃহীত হয় মানুষের দৈনন্দিন স্বাভাবিক আচরণ থেকে। স্বাভাবিকতা অবশ্য পরিস্থিতির ওপর নির্ভরশীল। এই পরিস্থিতি কৃত্রিমভাবে তৈরী নয়। বসবাস ও জীবনযাপনের হয়ে ওঠা সামাজিক পরিবেশে তা সৃষ্টি হয় এবং ক্রমাগত হতে থাকে। এখানে মানুষের ক্রিয়াকর্মে বিভিন্ন বিষয় ও উপাদানের সম্পর্ক-সম্বন্ধে বহিঃপ্রকাশ কিছু পরিমাপযোগ্য, কিছু নয়। যেমন, বাজারে দ্রব্য সামগ্রীর দাম ও পরিমান সংখ্যায় পরিমাপযোগ্য, কিন্তু ভোক্তার তৃপ্তি-অতৃপ্তি, ব্যক্তির সামাজিক অবস্থান, ক্ষমতার ব্যবহার ও বন্টন, এগুলো সাধারণত নয়। যা পরিমাপযোগ্য তার

সম্পর্কেও যদি কোন প্রত্যাশিত পরিণামের অনুমান রচনা করি, তবে অন্যান্য পরিমাপযোগ্য উপাদানের সাথে তার সম্পর্ক সম্বন্ধের সংখ্যাগত উপাত্তর ওপর তাকে দাঁড় করাই। পরস্পর সম্পর্কিত উপাত্তসমূহের বিক্ষেপ বিন্দুগুলো পর্যবেক্ষণ করে তাদের অন্তর্নিহিত সম্পর্ককে আমরা গাণিতিক অপেক্ষকের আকার দেই। এই অপেক্ষকে বিভিন্ন উপাদানের সম্পর্কের প্রাক্কলিত পরিসংখ্যান বিচার করে আমরা আমাদের প্রস্তাবিত অনুমানের বিশ্বাসযোগ্যতা যাচাই করি। কিন্তু সমস্যা হলো, পরিমানবাচক হলেও সব সম্পর্ক–সম্বন্ধকে সুস্পষ্ট অপেক্ষকের ছাঁচে ফেলা সম্ভব নয় এবং সম্ভব হলেও সব অপেক্ষকই প্রাক্কলনযোগ্য নয়। ফলে কোন না কোন প্রাক্কলনযোগ্য অপেক্ষকের আকারেই প্রাপ্ত উপাত্তসমূহকে ঢালতে হয়। তা নিঃসন্দেহে আমাদের বিচারের যথার্থতা অনেকখানি খর্ব করে। দ্বিতীয়ত প্রাক্কলন পদ্ধতিও বাস্তবতার সরলীকরণ মেনে নেয়। ধরে নেওয়া হয় উপাত্তসমূহের আচরণে কোন বেয়াড়াপনা নেই এবং এও আশা করা হয় বিচ্যুতিরাশির ওপর আরোপিত শর্তসমূহ সম্পূর্ণ বাস্তবসম্মত। কিন্তু এ দুটোই পদ্ধতি প্রকরণের ব্যবহার যোগ্যতা বাড়ায়, তাদের কার্যকারিতা সবসময় আবশ্যিকভাবে বাড়ায় না। তৃতীয়ত, ফ্রীডম্যানিয় না–মিথ্যার বিস্তার এত বড়, যে উদ্দেশ্যমূলকভাবে তৈরী কোন অনুমান বা অনুমানরাশিকে খণ্ডন করা প্রায় অসম্ভব হয়ে পড়তে পারে।

উদাহরণস্বরূপ কব–ডগলাস উৎপাদন অপেক্ষকের কথা ধরা যাক।[১৯] যেহেতুকব–ডগলাস থেকে শুরু করে আরো অনেকের অনুশীলনে পাওয়া যায় প্রাক্কলিত অবধুবক মান সন্তোষজনক, তাই এ বিশ্বাস দৃঢ়মূল হয় যে উৎপাদন ও বন্টনের অন্তর্নিহিত নিয়মেরই প্রতিফলন ঘটে ঐ অপেক্ষক উদ্ভূত পরিসংখ্যানে। পূর্ণ প্রতিযোগিতা, উৎপাদনে শ্রম ও মূলধনের অব্যাহত বিকল্পায়ন, তাদের স্থির বন্টনভাগ, এগুলো ধ্রুব–সত্যের প্রতিষ্ঠা পেতে থাকে। কারো মনে সন্দেহ দেখা দিলে সরাসরি তাকে বলা যায় বিশ্বাস না হয়, অংক কষে দেখ। কিন্তু যা আঁড়ালে থাকে, তা ঐ পদ্ধতি প্রয়োগের যৌক্তিকতা। পরবর্তীতে এ অভিযোগ প্রবলতর হয়েছে যে নির্ধারক চলকদ্বয়, শ্রম ও মূলধনের সমরৈখিকতা (মাল্‌টি কো–লীনিয়ারিটি), সহসমীকরণ দোষ (সাইমালটেনিয়স ইকুয়েশন বায়াস), সঠিক সনাক্তকরণ সমস্যা (আইডেন্‌টিফিকেশন প্রবলেম), ইত্যাদি প্রাক্কলনকে নিশ্চিতভাবে দূষিত করে। আবার একই তাত্ত্বিক কাঠামোয় ভিন্ন উৎপাদন অপেক্ষকের (সি.ই.এস.) ভিত্তিতে[২০] এ অনুমানও যখন সিদ্ধ বলে বিবেচিত হয় যে বিকল্পায়ন স্থিতিস্থাপকতা সবসময়েই কব–ডগলাস উৎপাদন অপেক্ষক থেকে প্রাপ্ত মান, এক–এর সমান হবে, এমন কোন কথা নেই, প্রকৃতপক্ষে অধিকাংশ সময়েই তা এক থেকে ভিন্ন এবং কার্যত শ্রম–মূলধন আয়ভাগ শ্রম–মূলধন অনুপাতের সাথে পরিবর্তনশীল, তখন এই বিপুল আয়োজন, সবটাই ওপর চালাকি ও এক ধরনের চমৎকার হাত সাফাই বলে সন্দেহ প্রকাশ করলে তাকে আনাড়িপনার অজুহাতে উড়িয়ে দেওয়া মুশকিল হয়ে পড়ে।

আসলে অর্থনীতির প্রত্যয় নির্ভর তাত্ত্বিক প্রস্তাব যাচাই করার জন্যে যে উপাত্ত–ভূমির প্রতি দৃষ্টি দিতে হয়, তা এত জটিল ও অনিয়ন্ত্রিত যে তার ওপর নির্ভর করে নিশ্চিতভাবে কোন সিদ্ধান্তে পৌছানো শক্ত। একইসাথে একাধিক বিকল্প অনুমান কার্যকর মনে হতে পারে। এঙ্গেল রেখার সঠিক রূপ নির্ণয় করতে গিয়ে প্রেইস, হাওথেকার[২১] ও রিচার্ড স্টোন[২২] বিভিন্ন

আকৃতির এঙ্গেল রেখা একই উপাত্তরাশির সাথে সঙ্গতিপূর্ণ লক্ষ্য করেন। হয়ত কোন অনুমান অন্যটির চেয়ে অধিকতর কার্যকর; কিন্তু পরিষ্কারভাবে কোনটিকে প্রত্যাখ্যান করা দুষ্কর। এরকম বাস্তব পরিস্থিতিতে ফ্রীডম্যানের যে কোন চতুর অনুমান, তা সে "স্থায়ী আয় অনুমানে"[২৩] (পার্মানেন্ট ইনকম হাইপোথেসিস) যে কোন আয়খণ্ডে আয়–ভোগ সমানুপাতিক সম্পর্কের মত আগ্রাসী প্রস্তাবও যদি হয়, তবু তাকে মিথ্যা প্রমাণ করে খারিজ করা যায় না। ফলে প্রত্যয় নির্ভর তাত্ত্বিক কাঠামো অটুটই থেকে যায়।

কিন্তু এতে লাভ হয় কতটুকু? শুদ্ধ অর্থনীতি শেষ পর্যন্ত এক ধরনের বুদ্ধির খেলায় পর্যবসিত হয়। 'শুক্ল স্বগত সংযমে' তার নিরাকৃতির আরাধনায় সিদ্ধিলাভ হয়ত অসম্ভব নয়। কিন্তু সে সিদ্ধি শূন্যাভিসারী। সমাজ ও রাষ্ট্রজীবনে ঘটমান বাস্তবতার মর্মোদ্ধারে তা কাজে আসে সামান্যই। অথচ তার নিরক্ত সৌন্দর্য মেধাকে আকৃষ্ট করে। চমকপ্রদ সব যোক্তিক নির্মাণে আমরা মুগ্ধ হই। সমস্যা দেখা দেয় যখন ঐসব তত্ত্বকে সত্য বলে ধরে নিয়ে তাদের অনুসরণে আমরা বাস্তব নীতি নির্ধারণ করতে চাই, অথবা নীতি নির্ধারণের প্রেক্ষাপট রচনায় মডেল নির্মাণের অনুশীলনে মাতি। তাদের ওপর নির্ভর করা আর হাত আন্দাজে এগুনো, প্রায়োগিক দিক থেকে এ দু'এর ভেতরে তফাৎ তেমন থাকে না। শুদ্ধ অর্থনীতি ফলে বাস্তব থেকে দুরে সরে যায়। বিমূর্ত জগতে তার প্রস্থানের আশংকা আর অমূলক মনে হয় না। ফিরে আসার পথ যে নেই, তা নয়। সে পথ যে এতদিন অব্যবহৃত থেকেছে এমনও নয়। এখন প্রয়োজন তাকে প্রধান বলে চিনে নেওয়া। সে পথ রাজনৈতিক অর্থনীতির।

তিন

শ্যামপীটর যাই বলুন, অর্থনীতির প্রধান কীর্তিগুলো প্রশ্নসংকুল বাস্তব জীবনের সংকট ও সম্ভাবনাকে কেন্দ্র করেই গড়ে উঠেছে। তাদের সাথে মেধার দ্বৈরথ সংগ্রামে অর্থনীতির আত্মপ্রকাশ, তার ধারাবাহিক অগ্রগতি। চিন্তার বিমূর্ত জগতে নির্মাণের অভিলাষ তার আত্মখণ্ডনেরই নামান্তর–এমনকি যদি ঐ জগত বাস্তবের কল্পিত প্রতিরূপ হয়ে বাস্তবকে শাসন করতে চায়, তবুও। অর্থনীতিকে যিনি স্বশাসিত বিদ্যার মর্যাদা দেন, সেই মার্শালও ভাবিত ছিলেন মূলত বাস্তব জীবনের সমস্যা নিয়েই। 'দারিদ্র্যের কারণ অন্বেষণ প্রকৃতপক্ষে মানবসমাজের এক সুবৃহৎ অংশের শোচনীয় অবস্থার কারণ অনুশীলন।' তিনি তাঁর 'প্রিন্সিপ্‌ল্‌স্'–এর শুরুতেই তাঁর চিন্তার বিষয় দ্ব্যর্থহীনভাবে প্রকাশ করেন। বিগত শতাব্দীর শেষভাগের ইংল্যাণ্ড ও তার বাইরের পৃথিবীর দিকে তাকিয়েই তাঁর এই চিন্তা। অনাহার, অপুষ্টি, অবহেলা, এগুলোই তিনি দেখেন দরিদ্র জনগণের ভাগ্যলিপি। তাদের অবস্থা ফেরানোর পথ খোঁজা, তিনি স্পষ্ট ভাষায় ঘোষণা করেন, অর্থনীতি চর্চার 'প্রধান ও মহত্তম বিবেচ্য বিষয়।'[২৪] পথ তিনি খোঁজেন বাস্তবকে চিন্তায় স্থাপন করে, বাস্তব বিচ্ছিন্ন হয়ে নয়। তারই পরিণাম 'প্রিন্সিপ্‌ল্‌স্।' কিন্তু তাঁর চেতনায় বাস্তবতার একটিই ছক। তা দেশ–কাল নিরপেক্ষ, তাঁর সমাধান, ফলে, ব্যক্তির আচরণকে ও তার সমষ্টিক রূপকে একইভাবে অবলম্বন করে। অর্থনীতির কার্যকারণের বাইরে অন্য কোন উপাদানকে তিনি বিবেচনায় আনেন না। বিক্ষিপ্তভাবে আনলেও তাঁর চিন্তার কেন্দ্রভূমি তাতে বিচলিত হয় না। সেই বিশ্লেষিত ও পরিশ্রুত বাস্তব

কেবল অর্থনীতিকেই ধারণ করে। পলিটিক্যাল ইকোনমি' শুদ্ধ 'ইকোনমিক্স্'–এ রূপান্তরিত হয়, যদিও মানুষের কল্যাণ এষণা বিসর্জিত হয় না। কিন্তু অর্থনীতি পুরোপুরি অনন্য নির্ভর হতে গিয়ে নিজের ক্ষতিই ডেকে আনে। কল্যাণ চেতনা তাকে উদ্বোধিত করলেও তার ক্ষেত্র হয়ে পড়ে সংকীর্ণ। পদ্ধতি প্রকরণ ও নীতি কাঠামো বাস্তবের বহুমাত্রিকতাকে আয়ত্তে আনতে পারে না। ফলে তা শুধু নিজের কোনটা বেছে নিয়ে বিদ্যার ছটা দেখায়, চিন্তা ও কর্মের জগতে সঠিক পথ বাতলে দিতে তেমন কোন কাজে আসে না।

বাংলাদেশে অর্থনীতি চর্চার দিকে তাকালেও বিষয়টি ধরা পড়ে। ষাটের দশকের মাঝামাঝি থেকে আমাদের মেধাবী অর্থনীতিবিদদের শিক্ষা প্রধানত পাশ্চাত্যের নিও–ক্ল্যাসিক্যাল স্কুলে। তাঁরা নিওক্ল্যাসিক্যাল পদ্ধতি–প্রকরণের দক্ষ কারিগর হয়েছেন, কিন্তু সেই পরিমাণেই হয়েছেন সমাজ ও জীবন–বিচ্ছিন্ন। আর নিও–ক্ল্যাসিক্যাল পদ্ধতি–প্রকরণ যতই উচ্চতর গণিত ও পরিসংখ্যান নির্ভর হোক না কেন, আমরা দেখেছি, বাস্তবতাকে সঠিকভাবে ধরবার ক্ষমতা তার নিতান্তই সামান্য। ফলে এসব নামী–দামী অর্থনীতিবিদ হয়ে পড়েছেন সম্পূর্ণত পেশাজীবী। সমাজ–অর্থনীতির সার্বিক অবস্থার প্রেক্ষিতে নীতি নির্ধারণে বা বৌদ্ধিক নেতৃত্ব দেবার যোগ্যতায় তাঁরা পিছিয়ে পড়েছেন। অথচ তাঁদেরই আগের পর্বে কেইন্সীয় আবহে লালিত ও কখনো কখনো মার্কসিয় আদর্শে অনুপ্রাণিত আমাদের প্রধান অর্থনীতিবিদেরা শুধু যে এই বিদ্যা চর্চায় নেতৃত্ব দিয়েছে, তাই নয়, সমাজ বাস্তবতায় প্রধান প্রধান প্রশ্নগুলোর মুখোমুখি হয়ে চিন্তায় ও কর্মে অগ্রনীর ভূমিকাও গ্রহণ করেছেন।

অর্থনীতিকে প্রানবান হতে হলে তাহলে তাকে ঐ আগের মিশ্র ধারাতেই ফিরে যেতে হবে। তাকে হতে হবে সৃষ্টিশীল ও সক্রিয় এবং তা সমাজ ও রাষ্ট্রের করণীয় বিষয়কে বাদ দিয়ে নয়, বরং তা সামনে রেখেই। এ্যাডাম স্মিথ, কার্ল মার্ক্স্ বা জন মেইনার্ড কেইন্স্ যে পথ দেখিয়ে গেছেন, সেটিই অর্থনীতির অনুসরণীয় পথ। অবশ্যই তাঁরা এককথা বলেননি। একজনের সাথে অন্যের চিন্তা পদ্ধতিতেও ছিল যোজন যোজন ফারাক। কিন্তু তাঁদের বিষয় ভাবনার মূলে ঐক্য ছিল এবং সেই ঐক্যের ভিত্তি ছিল সমাজ মানুষের সমৃদ্ধির বা সংকট মোচনের পথ অন্বেষণ। তাঁদের কারো নির্দেশ যে আজ সব মেনে চলতে হবে, অথবা একটিও মেনে চলতে হবে, এমন কোন কথা নেই। কিন্তু তাঁরা যে চিন্তা ক্ষেত্র রচনা করেছেন, তাকে সম্প্রসারিত না করে, উল্টো সংকুচিত করতে চাইলে তা অর্থনীতির পক্ষে আত্মহননের সামিল হবে।

প্রত্যেকের সমাজ ও মানুষ সম্পর্কে প্রাথমিক ধারণা গড়ে ওঠে আপন পরিপার্শ্ব থেকে। পরে সে ধারণা হয়ত সম্প্রসারিত হয়, কিন্তু আপন বস্তু–অভিজ্ঞতার প্রভাব অক্ষুণ্ণই থাকে। এ্যাডাম স্মিথের চিন্তার বিকাশ ঘটে শিল্প–বিপ্লবের উষালগ্নে। শ্রমবিভাজন, প্রযুক্তি ও শিল্পে বৈপ্লবিক পরিবর্তন, সম্প্রসারিত উৎপাদন ও বিনিয়োগের সমন্বয়ে বাজার ব্যবস্থার স্বয়ংক্রিয় অদৃশ্য নিয়ন্ত্রণ, এসবই তাঁর চোখের সামনে ঘটতে থাকে। তিনি শুধু চমৎকৃতই হন না, বিপুল আশা নিয়ে অব্যাহত সমৃদ্ধির প্রকৃতি ও কারণও তাদের ভেতর প্রত্যক্ষ করেন। স্পষ্টত সমকালীন ইংল্যাণ্ডের সম্ভাবনার আদলে গোটা পৃথিবীর সম্ভাবনাকে তিনি চেতনায় ধারণ করেন। এতে

অবশ্যই চিন্তায় নৃকেন্দ্রিকতা (এথ্নোসেন্ট্রিসিটি) এসে যায়। আপন ভুবন গোটা বিশ্বের কর্মকাণ্ডকে আচ্ছন্ন করে। সমস্যার ভিন্নমাত্রা ও সমাধানের বহু বিকল্পতা, এমনকি পারস্পরিক বিরোধ চোখে পড়ে না। এ্যাডাম স্মিথের বেলাতেও এমনি ঘটে। উনিশ শতকের ইউরোপে, বিশেষ করে জার্মানীতে ভিন্ন ভিন্ন প্রেক্ষিতে লিস্ট ও মার্ক্স তাঁর যৌক্তিক কাঠামো চ্যালেঞ্জ করে বসেন। একটি যুক্তি-বিশ্ব রূপান্তরিত বা খণ্ডিত হলে সেই বিশ্ব মর্যাদা হারায় না, বরং নতুন চিন্তাকে অনুপ্রাণিত, উত্তেজিত ও প্রবুদ্ধ করে বলে তা শ্রদ্ধার সাথে কীর্তিত হয়। একথা এ্যাডাম স্মিথের 'দি ওয়েলথ অফ নেশনস্' সম্পর্কে অক্ষরে অক্ষরে খাটে। তারই অনুসরণে রাজনৈতিক অর্থনীতি বস্তুনিষ্ঠ অনুশীলনের এক জরুরী বিষয় হয়ে ওঠে।

কিন্তু তাই বলে রাজনৈতিক অর্থনীতি আবেগতাড়িত ভাবনার অনর্গল বহিঃপ্রকাশ বা বিশৃঙ্খল ভাবনারাশির পারস্পরিক দ্বন্দ্ব নয়। কোন বক্তব্য তুলে ধরায় এখানেও প্রয়োজন সুশৃঙ্খল যুক্তি কাঠামো। বিজ্ঞানে চিন্তা বিকাশের যে ধারা, তার প্রকৃতির সাথে রাজনৈতিক অর্থনীতির বিকাশের প্রকৃতির কোন মূলগত পার্থক্য নেই। এখানেও বিদ্যার বিভিন্ন শাখায় কুহ্ন্ কথিত একটি প্যারাডিম বা যুক্তি বিশ্ব ভেঙে অন্য যুক্তি বিশ্ব রচিত হয়, অথবা ল্যাকাটোস বর্ণিত 'সায়েন্টিফিক রিসার্চ প্রোগ্রামে'র ধারাবাহিকতা ও ক্রমান্নতির ভেতর দিয়ে বিষয় স্তর থেকে স্তরান্তরে সম্প্রসারিত হয়।[২৫] তবে যে বিষয়ে সকর্ততা প্রয়োজন, তা বিশেষভাবে মনে রাখা যে চিন্তা বিশ্ব প্রকৃতপক্ষে সমাজ মানুষের বস্তু-বিশ্ব থেকেই উদ্ভূত-তার বাইরের কিছু নয়। এমনকি আলাদা আলাদা ব্যক্তির বিচ্ছিন্ন আকাংক্ষার প্রতিফলনও নয়।

রাজনৈতিক অর্থনীতিতে এ্যাডাম স্মিথ যেমন, তেমনি আলাদা আলাদা প্যারাডিম গড়ে তোলেন মার্ক্স্[২৬] এবং কেইন্স্।[২৭] নিও-ক্ল্যাসিক্যাল প্যারাডিম-ও চিনে নেওয়া যায়। তবে তার লক্ষ্য রাজনৈতিক অর্থনীতির বিশ্ব থেকে বিচ্ছিন্ন হওয়া। এক অখণ্ড অন্বিত চিন্তা বিশ্বের ধারণাকে তা বিপর্যস্ত করে। মার্ক্স্-এর দ্বান্দ্বিক বস্তুবাদ স্বয়ং কোন তত্ত্ব নয়, তা তত্ত্বের বাহক। এরই সাহায্যে মার্ক্স্ অবাধ ও পূর্ণ প্রতিযোগিতার বিপরীত বাস্তবের প্রতি দৃষ্টি নির্দেশ করে মূলধনের পুঞ্জীভবন ও পুঁজিবাদের সংকটের এক পূর্ণাঙ্গ তাত্ত্বিক কাঠামো রচনা করেন। যে-কোন বৈজ্ঞানিক বক্তব্যের মতই তার বৈশিষ্ট্য তার পূর্বাভাস রচনার ক্ষমতা। প্রযুক্তি বিপ্লব ও অর্থনৈতিক উপনিবেশের বিস্তার পুঁজির সংকটকে পিছিয়ে দিলেও তার সম্ভাবনাকে দূর করে না। বাস্তব সংকটে কেইন্স্ যে সমাধান সূত্রের প্রস্তাব দেন তা এ্যাডাম স্মিথের সংজ্ঞাতে আক্ষরিক অর্থেই রাজনৈতিক অর্থনীতির আওতায় চলে আসে। তবে তার যৌক্তিক কাঠামোও এ্যাডাম স্মিথ বা মার্শালের সুসমন্বিত বাজার-বিশ্বের ধারণাকে অস্বীকার করে। জাতীয় আন্তর্জাতিক, সর্বস্তরেই এ্যাডাম স্মিথ যেখানে ব্যক্তিগত উদ্যোগ, অবাধ বাণিজ্য ও পূর্ণ প্রতিযোগিতাকে সমৃদ্ধির চাবিকাঠি বলে চিহ্নিত করেন, সেখানে মন্দা ও পুঁজির সংকটের পটভূমিতে কেইন্স্ বিনিয়োগ ও উৎপাদন অব্যাহত রাখার লক্ষ্যে সম্পদ ব্যবহার, আয় বন্টন ও অর্থনৈতিক স্থিতিশীলতার নীতি প্রণয়নে ও তাদের বাস্তবায়নে সরকারের ভূমিকাকে একেবারে সামনে নিয়ে আসেন।

তবে এ্যাডাম স্মিথ, মার্ক্স্ বা কেইন্স্ যে বাস্তবতাকে প্রত্যক্ষ করেন তার ভৌগলিক বাস্তবভূমি একই–বলা যেতে পারে তা পুঁজিবাদ বিকাশের পটভূমি পাশ্চাত্য জগত। হয়ত তাঁরা বিভিন্ন সময়ে, বিভিন্ন প্রেক্ষিতে তাকে দেখেছেন, কিন্তু মূল যে বিষয় নিয়ে তাঁদের ভাবনা, তা একই থেকে গেছে। আজকের রাজনৈতিক অর্থনীতির বাস্তব বিশ্ব কিন্তু বহুস্তরীয় ও বহুমাত্রিক। তারা পরস্পর সম্পৃক্ত, কিন্তু দৃষ্টিকোণ পরস্পর বিভিন্ন। এমন পরিস্থিতিতে সমৃদ্ধির প্রকৃতিও কারণ সব জায়গায় সমভাবে এক হবে, এমন আশা করা অন্যায়। ফ্রান্জ্ ফ্যান্ন্–এর 'রেচেড্ অফ দ্য আর্থ'[২৮]–এর বাস্তব বিশ্ব আর গলব্রেথ্–এর 'এ্যাফ্লুয়েন্ট সোসাইটির'র[২৯] বাস্তব বিশ্ব এক নয়–যদিও 'এ্যাফ্লুয়েন্ট সোসাইটিতে'ও ক্ষুধা ও দারিদ্র্য দুশ্চিন্তা জাগায়। এমন পরিস্থিতিতে উন্নয়নের অসংখ্য যৌক্তিক কাঠামো গড়ে উঠতে পারে। তাদের প্রত্যেকটির উৎস তার সমাজ অর্থনীতির বাস্তবভূমি। শুধু অর্থনীতি নয়, রাজনৈতিক অর্থনীতির বিদ্যা বলয়েই তার অনুশীলন সম্ভব। নিও–ক্ল্যাসিক্যাল প্রতারণার ফাঁদ থেকে অর্থনীতি যে আজ অনেকখানি বেরিয়ে আসতে পেরেছে তা এই বোধেরই পরিণাম। তবে এ অনুশীলনেও যুক্তির সুশৃঙ্খল বাঁধন প্রয়োজন। পদ্ধতি প্রকরণের, বিশেষ করে গাণিতিক ও পরিসংখ্যান ভিত্তিক যে সম্পদ আমাদের আয়ত্তে, সমাজ বাস্তবতার অন্তর্নিহিত তাৎপর্য বুঝতে তা যথেষ্ট করার কোন কারণ নেই। বাস্তবজীবনে সম্পর্ক–সম্বন্ধের প্রকাশ সবসময় গণিতের নিয়ম মেনে চলে না। ক্রমবাচকতা ও গুণবাচকতার তারতম্যের ব্যাখ্যার উপযুক্ত যৌক্তিকভূমি গড়ে তোলা অবশ্যই জরুরী মনে রাখা দরকার, রাজনৈতিক অর্থনীতির প্রত্যাবর্তন কোন সহজিয়া সাধনা নয়, বরং ভাসমান বাস্তবতার অন্তর্ভেদে মনঃসংযমের ও সঠিক পন্থা পদ্ধতি উদ্ভাবনের তা এক দুশ্চর তপস্যা।

নির্দেশিকা

১. Schumpeter, J.A. : History of Economic Analysis, George Allenr Urwin, London, 1987, Pp 181-94.

২. Smith, A. : An Inquiry into the Nature and Causes of the Wealth of Nations, edited by Edwin Cannan, Methueur Co, London, Vol. I, (P524) and II (P 568), reprinted, 1961.

৩. Schumpeter, J.A. : পূর্বোক্ত, Pp 998-1026

৪. Smith, A. : পূর্বোক্ত, Vol II, P200

৫. পূর্বোক্ত, Vol I, P449

৬. পূর্বোক্ত, Vol I, P 18

৭. Theory of Moral Sentiments, 1759, P464-66

৮. Schumpeter, J.A. পূর্বোক্ত, P187

৯. The Wealth of Nations Vol I and II, Book IV

১০. Ricardo, D : Principles of Political Economy and Taxation, Penguin, 1971; Mill, J.S., Principles of Political Economy, Penguin, 1970

১১. Robbins, L. : Essay on the Nature and Significance of Economic Science, Mcmillan, London, 1932.

১২. পূর্বোক্ত, Pp 75-78.

১৩. Hicks, J.R. : Value and Capital, Oxford, 1946, P 23.

১৪. Koopmans, T.C. : 'The Construction of Economic Knowledge', in Three Essays on the State of Economic Science, Mcgrew Hill, 1957, Pp136-7.

১৫. Freedman, M. : 'The Methodology of Positive Economics' in Essays in Positive Economics, Chicago, 1953, Pp1-43.

১৬. পূর্বোক্ত, P15

১৭. পূর্বোক্ত, P15

১৮. Samuelson,P. : Foundations of Economic Analysis,Harvard University Press,1963,Pp 3-5.

১৯. Bronfenleremmer, M. and P.H. Douglas : 'Cross Section Studies in the Cobb-Douglas Functions,' Journal of Political Economy, 1939

২০. Arrow, Solow, Minhas and Chenery, 'Capital-Labour Substitution and Economic Efficiency, Review of Economics and Statistics, 1961.

২১. Prais and Honthekkar : The Analysis of Family Budgets, Cambridge, 1955

২২. Stone, R. : The Measurement of Consumer Behaviour in the United Kingdom.

২৩. Freedman, M. : A Theory of the Consumption Function, Princton University Press, 1957.

২৪. Marshall, A. : Principles of Economics, London, (8th ed), Pp 2-4

২৫. Blang, M. : Economic Theory in Retrospect, Cambridge, 1978, Pp 713-25

২৬. Marx, K. : A Contribution to the Critique of Political Economy, Progress Publishers, MoscoW, 1970.

২৭. Keynes, J.M. : The General Theory of Employment, Interest and Money, London, 1936.

২৮. Fanon, F. : The Wretched of the Earth, Newyork, 1968

২৯. Galbraith, J.K. : The Affluent Society, London, 1958.

PRINTED BY ARTISTIC TRADE 76, SHEGUNBAGICHA DHAKA TEL 417652, 407044